

জেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	মো: জসিম উদ্দিন জেলা প্রশাসক, পাবনা
সভার তারিখ	:	২০ জানুয়ারি ২০১৯
সময়	:	বেলা ১২:৩০ মি.
সভার স্থান	:	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
উপস্থিতি	:	সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।


সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর গত মাসের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করতে তিনি অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি), পাবনা কে অনুরোধ জানান। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পাবনা গত মাসের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি তুলে ধরেন। তিনি বলেন ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে একটি অন্যতম পদসোপান ই-নথির যথোপযোগী ব্যবহার ও বাস্তবায়ন। লাইভে থাকা অফিসসমূহকে ই-নথির ব্যবহার বৃদ্ধি ও সন্তোষজনক পর্যায়ে রাখার ব্যাপারে তৎপর হতে বলেছেন। ওয়েব পোর্টাল নিয়মিত আপডেট রাখতে বলেন। মাননীয় সভাপতি এ সময় লাইভে থাকা কতিপয় অফিসের প্রতিনিধিদের তাদের স্ব-স্ব ওয়েব পোর্টাল প্রদর্শন করতে বলেন। দুর্বল অবস্থানে থাকা অফিসসমূহকে তিনি সতর্ক করেন ও সবল অবস্থানে থাকা অফিসগুলোকে তিনি অভিনন্দন দেন। তিনি আরো বলেন, ডিজিটাল সেন্টারগুলো সম্পর্কে মানুষ জানতে পারছে এবং সেবা গ্রহীতার সংখ্যা ধীরে ধীরে বাড়ছে। দাপ্তরিক ই-মেইলের ব্যবহার নিয়মিত করার সফল উদ্যোগ নিতে ও বাস্তবায়ন করতে বলেছেন।

সভাপতি বলেন, আইসিটি আধুনিক বিশ্বের মূল চালিকাশক্তি। আইসিটি ব্যবহার ছাড়া বর্তমান গতিশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে চলা সম্ভব নয়। ডিজিটাল বাংলাদেশ গড়তে হলে সবাইকে আইসিটি নির্ভর হতে হবে। অতঃপর বিস্তারিত আলোচনাস্থে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
নিয়মিত ই-নথির ব্যবহার	লাইভে থাকা ৩৭টি অফিসে ই-নথির কার্যক্রম আরো নিয়মিত করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান
ই-নথি বিষয়ে অনিয়মিত অফিসগুলির অবস্থা উল্লেখ করা ও তাদের সতর্ক করা	সভা শেষে তাদের এডমিনদের নিয়ে বসা ও তাৎক্ষণিক প্রশিক্ষণ প্রদান	সহকারি প্রোগ্রামার, পাবনা
সিটিজেনস হেল্প ডেস্ক অ্যাপস প্রস্তুতকরণ প্রসঙ্গে	যে সমস্ত অফিস তাদের সিটিজেনস চার্টার সফটকপি জমা দেয়নি তাদেরকে জমা দেবার নির্দেশ প্রদান করা হয়।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল)
ওয়েব পোর্টাল আপডেট সংক্রান্ত	প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টাল যেন নিয়মিত আপডেট করা হয় এ ব্যাপারে সকলকে সচেতন হতে হবে।	দপ্তর প্রধান (সকল) উপজেলা নির্বাহী অফিসার (সকল) সহকারি প্রোগ্রামার (সকল)
ইউডিসি/পিডিসি সমূহের কার্যক্রম	সকল স্তরের জনগণ যাতে ইউডিসি/পিডিসি থেকে সেবা পায় তা নিশ্চিত করতে হবে	উপজেলা নির্বাহী অফিসার (সকল) সহকারি প্রোগ্রামার, পাবনা
মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত	যে সকল বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে সেগুলো নিয়মিত পরিদর্শন এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।	আইসিটি কমিটির সদস্য (সকল) সহকারী প্রোগ্রামার (সকল)
শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ডিজিটাল ল্যাব পরিদর্শন	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ নিয়মিত পরিদর্শন এবং কারিগরি ও অন্যান্য সহায়তা প্রদানের জন্য জেলা ও উপজেলাসমূহের সহকারী প্রোগ্রামারগণ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।	সহকারী প্রোগ্রামার, পাবনা (সকল)

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলা আইসিটি সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন	উপজেলা পর্যায়ে আইসিটি বিষয়ক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত এবং সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। সভার কার্যবিবরণী স্ব-স্ব পোর্টালে আপলোড করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)
ভিডিও কনফারেন্স	মাসিক সভা সহ অন্যান্য যে কোন জরুরী প্রয়োজনে জেলা কার্যালয়ের সাথে উপজেলা কার্যালয় কিংবা কেন্দ্রীয় কার্যালয়ের সাথে ভিডিও কনফারেন্স করার প্রয়োজনে ভিডিও কনফারেন্স সংক্রান্ত সকল যন্ত্রপাতি সবসময় প্রস্তুত রাখতে হবে।	দপ্তর প্রধান (সকল) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
দাপ্তরিক ই-মেইল ব্যবহার	দাপ্তরিক কাজে দাপ্তরিক ই-মেইল ব্যবহার নিশ্চিত করতে হবে।	দপ্তর প্রধান (সকল)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মো: জসিম উদ্দিন  
জেলা প্রশাসক

ও  
সভাপতি  
জেলা আইসিটি কমিটি, পাবনা


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।  
(আইসিটি শাখা)  
[www.pabna.gov.bd](http://www.pabna.gov.bd)

স্মারক নং: ০৫.৪৩.৭৬০০.০০৯.৩৭.০৩১.১৮-১০

তারিখ: ০৭ মাঘ ১৪২৫  
২০ জানুয়ারি ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০২. পুলিশ সুপার, পাবনা
০৩. অধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
০৪. অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, পাবনা
০৫. উপজেলা নির্বাহী অফিসার, .....(সকল), পাবনা
০৬. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, পাবনা
০৭. অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রাজাপুর, পাবনা
০৮. জেলা শিক্ষা অফিসার, পাবনা
০৯. বিভাগীয় প্রকৌশলী, টেলিকম, বিটিসিএল, পাবনা
১০. প্রধান শিক্ষক, পাবনা জেলা স্কুল, পাবনা
১১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পাবনা
১২. সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
১৩. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা

  
শাহেদ পারভেজ

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
পাবনা

ফোন : ০৭৩১-৬২২০৮

ই-মেইল : [adcictedupabna@gmail.com](mailto:adcictedupabna@gmail.com)